সংবাদ

তারিখ ... 9 JUN ...
পৃষ্ঠা ... কলাম ...

প্রাথমিক বিদ্যালয় ঃ নড়বড়ে খুঁটির ওপর দাঁড়িয়ে ছোট্ট দু'টি চালা

❑ ভুয়া ছাত্রছাত্রীর হিসাব দেখিয়ে উপবৃত্তি আত্মসাৎ

তারাকান্দা (ময়মনসিংহ) থেকে এম.এ কাশেম সরকার । জমি নেই, স্কুলগৃহ থাকা না থাকা সমান। নেই কোন চেয়ার, টেবিল বেঞ্চ। শিক্ষক ক্লাস করেন দাঁড়িয়ে। ছাত্রছাত্রীরা বসে, ছেড়া চট বা মাটিতে। একটি ঝোপ-জঙ্গলের মধ্যে কয়েক পাতা টিন বাঁশের নড়বড়ে খুঁটির ওপর দাঁড়িয়ে আছে। ৩ পাশের নেই, শুধু জঙ্গলের ধারে বেড়া। অথচ স্কুলটি অনুমোদন লাভ করেছে বহু আগেই। প্রধান শিক্ষক আবুল কাশেম দাঁড়িয়ে ক্লাস নিচ্ছেন। তার নিজেরও বসার চেয়ার টেবিল পর্যন্ত নেই। ৪ শিক্ষকের ৩ জনকে ২১শে মে দুপুর ১ ঘটিকায় স্কুলে পাওয়া যায়নি। বিদ্যালয়টির নাম পিঠা সূতা রেজি. বেসরকারি প্রাথমিক বিদ্যালয়। বিদ্যালয়গৃহের জায়গাসহ মাত্র ৪ শতাংশ জায়গা পতিত পাওয়া গেছে। শিশু-কিশোর ছাত্রছাত্রীদের খেলা করার স্থানও নেই। স্কুলের নামে যে জমির কথা বলা হয়েছে, তাতে ফসল দেখা গেছে। আকাশে মেঘ দেখলে ছুটির ঘন্টা বেজে ওঠে। ওই বিদ্যালয়ের ১শ' ৭ জন ছাত্রছাত্রীকে উপবৃত্তির টাকা দেয়া হচ্ছে। ৪০% হারের হিসেবে ছাত্রছাত্রীর প্রয়োজন প্রায় ৩শ'। কিন্তু বিদ্যালয় দেড়-দু'শ' ছাত্রছাত্রী পড়াশোনা করে বলে জানালেন এলাকাবাসী। স্কুল কর্তৃপক্ষ অতিরিক্ত ভুয়া ছাত্রছাত্রীর হিসেব দেখিয়ে প্রকৃত অর্থে বিদ্যালয়ের দরিদ্র ও বিত্তশালী সব ছাত্রের নামে উপবৃত্তি নিয়ে আত্মসাৎ করা হচ্ছে।

এদিকে মাইলোয়া রেজি. বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের অবস্থাও তথৈবচ। ভুয়া জমির দলিলে স্কুলটির অনুমোদন নেয়া হলেও সম্প্রতি তা ফাঁস হয়ে পড়ে। এ নিয়ে মামলা চলছে। এডিপির অর্থে বিদ্যালয়গৃহ নির্মাণকাজ শুরু হলে এ জাল-জালিয়াতির ঘটনা ধরা পড়ে।

ফলে কাজ বন্ধ রয়েছে। ইতোপূর্বে এডিপির আওতায় ওই বিদ্যালয়ে টিন সরবরাহের জন্য ৩০ হাজার টাকা দেয়া হলে প্রধান শিক্ষক মুজিবুর রহমান টিন না কিনে এ অর্থ আত্মসাৎ করেছেন।

তারাকান্দা (ময়মনসিংহ) ঃ নড়বড়ে ক'খানা বাঁশের খুঁটির ওপর দাঁড়িয়ে পিঠাসুতা রেজি. বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের দু'টি চালা। ক্লাস নিচ্ছেন প্রধান শিক্ষক —সংবাদ